

রাকসু নির্বাচনে দুই প্যানেল ঘোষণা

ইবেসোম শান্ত, রাবি
০৯ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদের ময়ৃ



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে দুটি প্যানেল ঘোষণা করেছে ছাত্র সংগঠনগুলো।

গতকাল সোমবার বিকালে রাকসু ভবনের সামনে 'রাকসু আন্দোলন মধ্যের' সদস্যসচিব আমান উল্লাহ আমান 'রাকসু ফর রেডিক্যাল চেঙ্গ' শীর্ষক প্যানেল ঘোষণা করেন। এতে ছাত্র অধিকার পরিষদ ও ছাত্র ফেডারেশনের প্রার্থীরা অংশ নিচ্ছেন। ২৩ পদের মধ্যে ১৯টিতে মনোনয়ন দিয়েছে এ প্যানেল।

এতে সহসভাপতি পদে মেহেদী হাসান মারফফ, সাধারণ সম্পাদক পদে আফরিন জাহান ও সহসাধারণ সম্পাদক পদে আল শাহরিয়ার শুভ প্রতিদ্বন্দ্বিতা করবেন।

অন্যদিকে একই দিন বিকালে পরিবহন মার্কেট চতুরে 'গণতান্ত্রিক শিক্ষার্থী পর্বদ' নামে আরেকটি প্যানেল ঘোষণা করে বাম সংগঠনগুলো। শাখা ছাত্র ইউনিয়নের (একাংশ) সভাপতি রাকিব হোসেন এ ঘোষণা দেন। ২৩টির মধ্যে ১৬টি পদে মনোনয়ন দিয়েছে প্যানেলটি। এতে সহসভাপতি পদে ফুয়াদ রাতুল, সাধারণ সম্পাদক পদে কাউছার আহমেদ ও সহসাধারণ সম্পাদক পদে নাসিম সরকার প্রতিদ্বন্দ্বিতা করবেন।